**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 07-11-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : Jayanta S.**
**DEO : KB** **NRT : Susmita Sen**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বন্দে মাতরম স্তোত্রের মাধ্যমে স্বাধীন ঐক্যবদ্ধ, ভারতের ছবি ফুটে উঠেছে। # তিনি আজ নতুন দিল্লিতে "বন্দে মাতরম"-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা করেছেন।

#সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ বন্দেমাতরম গানের সার্ধশতবর্ষ উদযাপিত হচ্ছে।

২/ উত্তরবঙ্গে ভোট প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ জলপাইগুড়ি জেলা পরিষদে প্রশাসনের উচ্চ পদাধিকারীদের সঙ্গে বৈঠক করেন।

৩/ স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল আজ প্রকাশ হতে চলেছে।

৪/ ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে আজ, বন্দেমাতরম সংগীতের দেড়শ বছর স্মরণে নন্দন তিন প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয় ‘আনন্দমঠ’ ছবিটি।

৫/ বিশ্বকাপ জয়ী ভারতীয় মহিলা ক্রিকেট দলের অন্যতম সদস্য রিচা ঘোষ-কে আজ তাঁর নিজের শহর শিলিগুড়িতে সম্বর্ধনা দেওয়া হয়েছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ নতুন দিল্লিতে জাতীয় স্তোত্র "বন্দে মাতরম"-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা  করেছেন। এই উপলক্ষে তিনি একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও প্রকাশ করেন। চালু করা হয় vandemataram150.in পোর্টালটিও। নাগরিকরা এখানে জাতীয় সঙ্গীত গাওয়ার ভিডিও আপলোড করতে এবং একটি সার্টিফিকেট অর্জন করতে পারবেন।

ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে এক  অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, বন্দে মাতরম একটি মন্ত্র, একটি শক্তি, একটি স্বপ্ন এবং একটি সংকল্প। তিনি এটিকে ভারত মায়ের প্রতি ভক্তি, শ্রদ্ধা এবং আরাধনা হিসাবে উল্লেখ করেন।

( বাইট- প্রধানমন্ত্রী )

শ্রী মোদী আরও বলেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এই গানের মাধ্যমে একটি স্বাধীন, ঐক্যবদ্ধ এবং সমৃদ্ধ ভারতের জন্য এক জোরালো আহ্বান করেছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' কেবল একটি উপন্যাস নয়। এটি একটি স্বাধীন ভারতের স্বপ্ন। বন্দে মাতরম গানটি প্রতিটি যুগেই প্রাসঙ্গিক।

উল্লেখ্য, 'বন্দে মাতরম', বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৫ সালের ৭'ই নভেম্বর লিখেছিলেন। এটি প্রথম বঙ্গদর্শন পত্রিকায় উপন্যাস আনন্দমঠের অংশ হিসেবে প্রকাশিত হয়েছিল। গানটি ভারতের ঐক্য এবং জাতীয় গর্বের একটি স্থায়ী প্রতীক হয়ে উঠেছে।

************************

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ বন্দেমাতরম গানের সার্ধশতবর্ষ উদযাপিত হচ্ছে। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এক্স হ্যান্ডেলে বলেন, বন্দে মাতরম শুধুমাত্র একটি শব্দবন্ধ নয় এটি একটি মন্ত্র। এই মন্ত্র হাজার হাজার বিপ্লবীকে জাতীয়তাবাদে উদ্বুদ্ধ করেছিল এবং সীমান্তে পাহারারত সেনাদের উদ্বুদ্ধ করে।

( বাইট- শমীক )

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী **সুকান্ত** মজুমদার বন্দে মাতরম-এর সার্ধশতবর্ষে সমগ্র দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেন, স্বাধীনতার যুগের বীর শহীদদের ত্যাগ ও আত্মবলিদানের সঙ্গে জড়িয়ে থাকা এই সুর সবার মধ্যে অদম্য সাহস, আত্মবিশ্বাস ও দেশপ্রেম জাগিয়ে তোলে। শতাধিক বছর পেরিয়েও বন্দেমাতরমের শক্তি আবেগ ও অনুপ্রেরণা আজও অম্লান ও অমর ।

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের উদ্যোগে আজ AIWC বুনিয়াদী বিদ্যাপীঠ ফর গার্লসের ছাত্রীরা সমবেতভাবে বন্দে মাতরম গানে অংশ গ্রহণ করেন।

*************************

উত্তর ২৪ পরগণার **নৈহাটির বঙ্কিম ভবন** গবেষণা কেন্দ্র এবং সংগ্রহশালায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এদিকে, আজকের দিনেই রাজ্য সরকারের রাজ্য সরকারের রাজ্য সঙ্গীত চালু করার সিদ্ধান্তকে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী সুকান্ত মজুমদার সমালোচনা করেন। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্য সঙ্গীত চালু করেছে অথচ সেখানে মুখ্যমন্ত্রী রবীন্দ্রনাথ ঠাকুরের গাওয়া গানের লাইন বদলে দিয়েছেন।

**রাজ্য সরকার**'ও বন্দে মাতরম্-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে একটি উদ্‌যাপন কমিটি গঠনের কথা ঘোষণা করেছে।

*************************

পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আজ 'বন্দে মাতরম'-এর সার্ধশতবর্ষ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়| হাওড়া বিভাগের কমর্শিয়াল ডিপার্টমেন্টের বিভিন্ন স্টেশনে গাওয়া হয় 'বন্দে মাতরম' গানটি। বিজেপি, জেলার ৩২ টি মন্ডলের প্রতিটিতে দেড়শ জাতীয় পতাকা

নিয়ে ‘তিরঙ্গা যাত্রা’ ও সভার আয়োজন করে। অনুষ্ঠানের সূচনা হয় দেড়শ’টি প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে।

বন্দেমাতরম সংগীতের দেড়শ বছর পূর্তি উপলক্ষে আজ পুরুলিয়া জেলাতেও বিভিন্ন অনুষ্ঠান হয়। দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা ডিভিশনের পক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অন্যদিকে, বর্ধমানের কাঞ্চননগর দীননাথ দাস উচ্চবিদ্যালয়ের প্রাত্যহিক সম্মেলনে স্কুলের ছাত্রছাত্রীরা সমবেতভাবে গায় বন্দে মাতরম গানটি ।

বাগডোগরা বিমানবন্দরে’ও আজ ‘বন্দে মাতরম’ গানটি গাওয়া হয়। উপস্থিত ছিলেন, বিমানবন্দরের ডাইরেক্টর আরিফ মুহম্মদ।

*************************

উত্তরবঙ্গে ভোট প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ জলপাইগুড়ি জেলা পরিষদে প্রশাসনের উচ্চ পদাধিকারীদের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন জেলাশাসক শামা পারভীন, মহকুমাশাসক তমোজিৎ চক্রবর্তী সহ অন্যান্য আধিকিরিকরা। বৈঠকর পর প্রতিনিধি দল এলাকা ঘুরে দেখেন। পরে শিলিগুড়ি সার্কিট হাউসে দার্জিলিং জেলার SIR প্রস্তুতি পর্যালচনা করেন তারা।

*************************

এস আই আর নিয়ে ফের হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এক স্বেচ্ছাসেবী সংস্থার আবেদনে সাড়া দিয়ে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ আগামী সপ্তাহে বিষয়টি বিবেচনা করার আশ্বাস দিয়েছেন। আবেদনকারীর আইনজীবি সুদীপ্ত রায় জানিয়েছেন, সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ-তে বহু মানুষ আবেদন করেছেন। তাদের জমা দেওয়া আবেদনপত্রের রশিদকে এস আই আর এর ক্ষেত্রে অনুমোদন করার দাবীও জানান তিনি।

*************************

SIR-এর কাজ চললেও নিয়মিত অফিসে না আসায় নির্বাচন কমিশন, উত্তরবঙ্গের জলপাইগুড়ি সদর মহকুমার রাজগঞ্জের ব্লক উন্নয়ন আধিকারিক প্রশান্ত বর্মন সম্বন্ধে বিস্তারিত রিপোর্ট তলব করেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের তরফে জলপাইগুড়ির জেলাশাসককে পাঠানো চিঠিতে, বিডিওকে নিয়ে বিস্তারিত রিপোর্ট পাঠানোর কথা বলা হয়েছে। বিডিও অফিস সংলগ্ন এলাকা থেকে গতকাল যে প্রচুর সংখ্যায় ভোটার কার্ড পাওয়া গেছে, সে সম্পর্কেও বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়েছে।

উল্লেখ্য, বিডিও প্রশান্ত বর্মণের বিরুদ্ধে পশ্চিম মেদিনীপুরের দাঁতনের এক স্বর্ণ ব্যবসায়ীকে খুন করার অভিযোগ উঠেছে।

*************************

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, SIR আবহে মতুয়া সমাজের অনেকেই আতঙ্কিত। নিশ্চিত নাগরিকত্ব  ও ভোটাধিকারের দাবিতে মতুয়া মহাসংঘের একাংশের অনশন মঞ্চে গিয়ে আজ তিনি আন্দোলকারীদের সঙ্গে কথা বলেন। মতুয়া মানুষদের এই লড়াইয়ে কংগ্রেস শরিক থাকবে বলে জানান শুভঙ্কর বাবু।

*************************

দল ছাড়তে চলেছেন মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল কংগ্রেসের বিধায়ক হুমায়ুন কবির। আজ সংবাদ মাধ্যমের সামনে ২০ থেকে ২২ শে ডিসেম্বরের মধ্যে দল ছাড়ার ঘোষণা করেন তিনি।

উল্লেখ্য, হুমায়ুন কবির তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি ও অভিষেক বন্দোপাধ্যায় সম্পর্কে বিতর্কিত মন্তব্যও করেন তিনি। ২০১১ সাল থেকে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস ও বিজেপি হয়ে ২০২১সালে ফের ভরতপুর বিধানসভা কেন্দ্রে তৃণমূলের টিকিটে জয়ী হন তিনি।

*************************

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার রেজাল্ট প্রকাশ হতে চলেছে আজ। একাদশ ও দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে বলে কমিশন জানিয়েছেন। অন্যদিকে আশা-আশঙ্কার দোলাচলে থাকা ২০১৬-র চাকরিহারারা নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছভাবে শেষ করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

উল্লেখ্য, একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি। দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষা দিয়েছিলেন।

************************

২০১৬ সালের SSC-র চাকরী বাতিল মামলায় যোগ্য শিক্ষকদের অতিরিক্ত ১০ নম্বর দেওয়ার বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে দায়ের মামলায় কলকাতা হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশনকে যোগ্য-অযোগ্যদের তালিকা আদালতে পেশ করার নির্দেশ দিয়েছে। অন্যদিকে, আগামী ১২'ই নভেম্বর মামলাকারীদের, তাঁদের বক্তব্য হলফনামা আকারে জমা দিতে বলা হয়েছে। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

************************

৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে আজ, বন্দেমাতরম সংগীতের দেড়শ বছর স্মরণে নন্দন তিন প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয় 'আনন্দমঠ' ছবিটি। ১৯৭১ সালে হেমেন গুপ্ত পরিচালিত এই ছবিতে মুখ্য ভূমিকায় অভিনয় করেছিলেন প্রদীপ কুমার। ছবির প্রদর্শন শেষে এক সাংবাদিক বৈঠকে প্রদীপ কুমারের মেয়ে বিশিষ্ট অভিনেত্রী বীণা বন্দ্যোপাধ্যায়, দেশের যুবসমাজে দেশাত্মবোধ জাগ্রত করতে বন্দেমাতরম গানের বিশেষ গুরুত্বের কথা উল্লেখ করেন।

তিনি বলেন, বন্দেমাতরম স্তোত্র দেশের স্বাধীনতা সংগ্রামের প্রথম মন্ত্র। সেটিকে দেশের তরুণ প্রজন্মের কাছে পৌঁছে দিতে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যে উদ্যোগ নিয়েছেন তা যথার্থ বলে মন্তব্য করেছেন অভিনেত্রী।

( বাইট- বীণা )

এদিকে, চলচ্চিত্র উৎসবে আজ শতবার্ষিকী শ্রদ্ধার্ঘ্য বিভাগে নন্দন প্রবেশ দ্বারে ঋত্বিক ঘটক- 'দ্যা সাবলটার্ন ভয়েজ' শিরোনামে প্রদর্শনীর সূচনা হয়। উদ্বোধন করেন, অভিনেত্রী মাধবী মুখোপাধ্যায়, ঋত্বিক পুত্র ঋতবান ঘটক, চিত্রকর শুভাপ্রসন্ন প্রমুখ। পিতার স্মৃতিচারণ করে ঋতবান বলেন, ঋত্বিকের প্রতিভার মূল্যায়ন হতে দেশে-বিদেশে অনেক দেরি হয়েছে। এর আগে পোস্টারে পোলিস সিনেমাটোগ্রাফি, দ্যা আর্ট অফ এ্যান্দ্রজেজ পাগাওস্কি শীর্ষক আরেকটি প্রদর্শনীর সূচনা হয়।

*************************

নদীয়া শান্তিপুরে আজ অনুষ্ঠিত হচ্ছে ঐতিহ্যবাহী ভাঙ্গারাস। দেশের বিভিন্ন প্রান্তের মানুষ শোভাযাত্রা দেখতে এখন শান্তিপুরে ভিড় জমিয়েছেন। এদিন প্রথমে বিগ্রহ বাড়ির বিগ্রহগুলিকে নিয়ে শোভাযাত্রা বের হয়। শান্তিপুরের ভাঙা রাশের অন্যতম আকর্ষণ রাধিকা রাজা। রাধিকা রাজার কিছু হাওদাই বেলোয়ারি ফানুসে দেখা যায়  মোমবাতির স্নিগ্ধ আলো।  এছাড়াও দেশের বিভিন্ন প্রদেশের নানান ধরনের বাজনা থাকে বিভিন্ন বারোয়ারি ক্লাব গুলির শোভাযাত্রায় ।থাকে নয়ন ভীরাম আলোকসজ্জা যা দেখবার মতো।

*************************

বিশ্বকাপ জয়ী ভারতীয় মহিলা ক্রিকেট দলের অন্যতম সদস্য রিচা ঘোষ আজ তার বাড়ি শিলিগুড়ি শহরে পৌঁছলে অগণিত মানুষ তাঁকে দেখার জন্য ভিড় জমান। আজ বিকেলে রিচাকে নাগরিক সংবর্ধনা জানানো হয়।

এর আগে, বাগডোগরা বিমানবন্দরে অসংখ্য ক্রীড়াপ্রেমী তাকে উষ্ণ অভ্যর্থনা জানান। উচ্ছসিত রিচা জানান, আগামী টি ২০ ক্রিকেট বিশ্বকাপ জয় করাই তাঁর লক্ষ্য।

(বাইট- রিচা )

*************************************************************************